# অপহরন

--বিধান দে

বন্ধুরা যে যার গেছে ফিরে ঘরে, সাড়াশব্দ নেই
ভেবে আমি আলো নিয়ে যেই- নেমেছি পথে
রোগা রোগা পথগুলো সব ট্রাফিকের শীর্ণ হাতে
জেব্রা ক্রসিং আঁকে! চাঁদটা তখন ঢলে রয়েছে পশ্চিমেই
দু'একটা নেড়ি কুকুরের কর্কশ ভোক্ষণে আমি জড় সড় হই।
ওমনি মুখোমুখি টাটা-সুমো তীব্র লাইট ফেলে
দশাশই হাত-গুলো আমার টুঁটি টিপে ধরে।
আমি বলি- কে ? কে তোমরা ? বন্ধু তো নও !
প্লিজ ছেড়ে দাও। এভাবে পাগল ছাড়া আমাকে ধরে- কেও !
ওরা আরো চাপ বাড়ায় অক্টোপাসের মত।
পাখির মতো চিঁচিঁ করি কথা বলি যত,
'ধমক দিয়ে বলে ওরা চুপটি করে থাকো।'

কারো সাতে-পাঁচে নেই যে আমি, আমার
মতোই আছি। আর ভুল বসতঃ ভালবেসে
কবিতা নিয়ে বাঁচি।
আকাশ জোড়া রামধনুতে বানিয়েছি একঘর
শুধু এটুকুই অপরাধ আমার।

ওরা দূরে আরো দূরে- পথের কিনারে
ঠেলে ফেলে বলে ক্রুদ্ধ স্বরে-
'নিজের মতো বেঁচে থাকাই মহাপাপ তোমার।'